

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৫১২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫
০৬ নভেম্বর ২০১৮

বিষয়: বিজয় ফুল উৎসবে মুক্তিযুদ্ধের ইতিহাসের ওপর নির্মিত ডিজিটাল কুইজ প্রাটফর্ম 'ফুলবন্ধু' প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত।

সূত্র: এটুআই প্রকল্পের স্মারক নম্বর: ০৩.৮০৫.০০৩.০০.০০.০২১.৯৭৮ তারিখ: ০৫.১২.২০১৮

বিজয় ফুল উৎসবে দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয়ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাভিবোধক ও জাতীয় সঙ্গীত প্রতিযোগিতা আয়োজন বিভাগীয় পর্যায়ে ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহযোগিতায় বিজয়ফুল উৎসবের অংশ হিসেবে মুক্তিযুদ্ধের ধারাবাহিক ইতিহাসের ওপর নির্মিত ডিজিটাল কুইজ প্রাটফর্ম 'ফুলবন্ধু' মোবাইল অ্যাপস ও ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত ডিজিটাল কুইজ প্রাটফর্মের বিষয় কিশোর-কিশোরীদের ডিজিটাল প্রাটফর্ম 'কিশোর বাতায়ন' ও শিক্ষকদের ডিজিটাল প্রাটফর্ম 'শিক্ষক বাতায়ন'-এর মাধ্যমে প্রচারিত হচ্ছে।

০২। 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে কিশোর বাতায়নের www.konnect.edu.bd-এ ফুলবন্ধু ব্যানারে ক্লিক করতে হবে। এটি সরাসরি ফুলবন্ধু পেজে নিয়ে যাবে। শিক্ষার্থীরা চাইলে ওয়েব পোর্টালে রেজিস্ট্রেশন অথবা ওয়েবসাইট থেকেই মোবাইল অ্যাপস ডাউনলোড করে রেজিস্ট্রেশনপূর্বক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতি শিক্ষার্থী কর্তৃক তার অথবা তার অভিভাবকের মোবাইল নাম্বার ও প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। প্রতিযোগিতা আগামী ১৩ই ডিসেম্বর ২০১৮ পর্যন্ত চলবে। কুইজে মোট সাতটি লেভেলের মধ্যে সময় ও সঠিক উত্তরের ভিত্তিতে প্রতি লেভেলে স্কোর তৈরি হবে। উক্ত স্কোরের মধ্যে সর্বোচ্চ নম্বরধারী ১০০ জনকে বিজয়ী হিসেবে পুরস্কৃত করা হবে। ডিজিটাল মাধ্যমে শিক্ষার্থীদের সক্ষমতা বৃদ্ধি ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতা একটি অনবদ্য মাধ্যম।

০৩। এমতাবস্থায়, আগামী ১৩ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের **ষষ্ঠ হতে দ্বাদশ** শ্রেণির শিক্ষার্থীদের অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ প্রতিযোগিতা সংক্রান্ত যে কোনো বিষয়ে ই-মেইলে (helpline@fulbondhu.net) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।


(মোঃ শাফায়াক্ত মাহবুব চৌধুরী)
উপসচিব

ফোন: ০২-৯৫৭৫৪৪৭

ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

জেলা প্রশাসক

... (সকল)।